

Subject – Business Studies

বিষয় - প্রকৃতি, তাৎপর্য এবং ব্যবস্থাপনার
নীতি

Some selected questions with
answers :

একটি বাক্যে উত্তর দাও -----

1, " আধুনিক ব্যবস্থাপনার জনক "
কে ?

Ans : আধুনিক ব্যবস্থাপনার জনক হলেন
হেনরি ফেয়ল ।

2, " বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক "
কে ?

Ans : বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক
হলেন এফ, ডব্লু, টেলর ।

3 , ' PODSCORB ' এ R বলতে কি বোঝো ?

Ans : PODSCORB এ R বলতে বোঝায় সম্পাদিত কাজের রিপোর্ট প্রদান ।

4 , ' PODSCORB ' কথাটি প্রথম কে বলেছিলেন ?

PODSCORB কথাটি প্রথম বলেন লুথার গ্যালিক ।

5 , ব্যবস্থাপনার সারবস্তু কোনটি ?

Ans: ব্যবস্থাপনার সারবস্তু হলো সমন্বয় সাধন ।

6 , ব্যবস্থাপনার স্তর কয়টি ও কি ?

Ans : ব্যবস্থাপনার স্তর তিনটি

যথা ---- শীর্ষ স্তর , মধ্য স্তর ও নিম্ন স্তর ।

7 , ব্যবস্থাপনার নীতিগুলোর একটা সীমাবদ্ধতা লেখ ।

Ans : ব্যবস্থাপনার নীতিগুলির একটি সীমাবদ্ধতা হলো -

শ্রম বিভাগের ফলে একঘেয়েমি জনিত কারণে শ্রমিকদের কাজের উৎসাহ নষ্ট হয়ে যাওয়া

8. নিচের প্রশ্নটির উত্তর দাও -----

আদেশের একতা ও নির্দেশের একতা বলতে কি বোঝায় ?

Ans : আদেশের একতা নীতির অর্থ হলো যে, একজন অধস্তন একই সময়ে কেবলমাত্র একজন উর্দ্ধতনের কাছ থেকে আদেশ গ্রহণ করবে, যদি একাধিক উর্দ্ধতন একজন অধস্তন কে আদেশ দেন তবে তার পক্ষে সুষ্ঠুভাবে আদেশ পালন করা সম্ভব হবে না, তাই ফেয়ল এর মতে ----- প্রত্যেক কর্মীর একজন কর্মকর্তা (Boss) এর কাছ থেকে আদেশ ও নির্দেশ গ্রহণ করা উচিত

এবং সে কেবলমাত্র তার কাছেই দায়বদ্ধ থাকতে ও জবাবদিহি করতে বাধ্য।

নির্দেশের একতা বলতে বোঝায় একই উদ্দেশ্যসম্পন্ন একগুচ্ছ কার্যাবলীর জন্য কাজের একটি পরিকল্পনা ও একজন প্রধান থাকা উচিত এবং সমস্ত কার্যাবলী অখণ্ড হিসাবে সেই প্রধানের নির্দেশে সম্পাদিত হওয়া উচিত ,

যেমন ধরা যাক , একটা অটোমোবাইল কোম্পানিতে দুটো বিভাগ আছে , যথা ---
- স্কুটি উৎপাদনকারী বিভাগ এবং বাইক উৎপাদনকারী বিভাগ , যেহেতু প্রত্যেক দ্রব্যের নিজস্ব বাজার ও কারবারি পরিবেশ আছে , তাই প্রত্যেক বিভাগের নিজস্ব লক্ষ্য থাকবে , এই লক্ষ্যপূরণের জন্য প্রত্যেক বিভাগের একটা পৃথক পরিকল্পনা থাকবে এবং সংশ্লিষ্ট বিভাগটির প্রত্যেক

কর্মী কেবলমাত্র তার বিভাগীয় প্রধানের
নির্দেশ পালন করবে ।

এই নীতির মূল কথা হলো , একজন প্রধান
ও একটা প্রকল্প ।